



Vol. 43 | No. 2 | 2000



সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

দ্বিজরাম শর্মার কীর্তিশতক

Volume	43
Issue	2
Year	2000
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	মনোরঞ্জন ঘোষ
Published online	May 1, 2001
DOI	10.62328/sp.v43i2.7
Link to article	https://doi.org/10.62328/sp.v43i2.7
Pages	107-131
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah



Check for updates

দ্বিজরাম শর্মার কীর্তিশতক

মনোরঞ্জন ঘোষ*

কবি-প্রসঙ্গ

সংস্কৃত সাহিত্য-জগতে যে-সব বাঙালি কবি নিজেদের প্রতিভার স্বাক্ষর রেখেছেন, দ্বিজরাম শর্মা তাঁদের অন্যতম। তিনি কীর্তিশতক নামে একটি শতককাব্য রচনা করেন। সম্ভবত তিনি সপ্তদশ শতাব্দীর শেষ দিকে বা অষ্টাদশ শতাব্দীর প্রথম দিকে আবির্ভূত হয়েছিলেন। কাব্যের প্রথম শ্লোক থেকে^১ জানা যায় যে, তিনি গঙ্গার নিকটবর্তী সুভর্তিপুর নামক গ্রাম বা নগরে বাস করতেন। তাঁর পিতার নাম পঙ্কব। তিনি সম্ভবত বর্ধমানরাজ কীর্তিচাঁদের (১৭০২-১৭৪০ খ্রি:) সভাকবি ছিলেন এবং তাঁর প্রশংসার জন্য এ কাব্য রচনা করেন। ডঃ অতুল সুর প্রদত্ত তথ্য^২ থেকে জানা যায়, দ্বিজরাম নামে এক কবি অষ্টাদশ শতাব্দীতে তৎকালীন বাংলাদেশে বর্তমান ছিলেন। এই কবি দ্বিজরাম এবং কীর্তিশতক রচয়িতা দ্বিজরাম শর্মা একই ব্যক্তি হওয়া অসম্ভব নয়। তবে কাব্যমধ্যে তিনি তাঁর বিস্তারিত পরিচয় প্রদান করেন নি।

কাব্য-প্রসঙ্গ

কীর্তিশতক একটি শতককাব্য। সংস্কৃত সাহিত্যজগতে শতককাব্য বিশেষ শ্রেণীর রচনা। শতককাব্য শ্রব্য কাব্যের অন্তর্গত – পদ্যে রচিত। এতে জগৎ, জীবন, দেশ ও সমাজ সম্পর্কে কবির ব্যক্তিগত অভিজ্ঞতা বর্ণিত হয়ে থাকে। অর্থাৎ কবির একান্ত জীবনানুভূতিই শতককাব্যের মূল উপজীব্য বিষয়।

পরস্পর অর্থনিরপেক্ষ একশত কিংবা কিশিৎ ন্যূনাধিক শ্লোকে এই শ্রেণীর কাব্য রচিত হয়। শ্লোক সংখ্যার এ তারতম্যের অন্যতম কারণ রচয়িতার নিজহস্তে লিখিত পুঁথি না-পাওয়া এবং অধিকাংশ সংস্কৃত পুঁথিতে অনুলিপি অথবা প্রতিলিপি কালে প্রক্ষেপণ। শ্লোক সংখ্যার তারতম্য হলেও শতককাব্য একটি বিশেষ ভাবে আশ্রয় করে রচিত হয়। ফলে কাব্য থেকে কিছু শ্লোক আলাদা করে নিলেও বাকি শ্লোকসমূহের মর্মোপলব্ধিতে অসুবিধা হয় না। “পারস্পরিক নিবিড় সম্বন্ধহীন শত শ্লোকের সমষ্টিই ‘শতক’ কাব্যের প্রধান বৈশিষ্ট্য।”^৩

শতককাব্য মুক্তককাব্যের সঙ্গে তুলনীয়। সংস্কৃত শতককাব্য মূলত মুক্তককাব্য। মুক্তককাব্যের প্রতিটি শ্লোক স্বাধীন এবং অন্য শ্লোকার্থের ওপর নির্ভরশীল নয়। বিবিধ অলংকার-শাস্ত্রের গ্রন্থে মুক্তকের সংজ্ঞা বর্ণিত হয়েছে। আলংকারিক দণ্ডীই প্রথম তাঁর কাব্যাদর্শে মুক্তকের উল্লেখ করেছেন—

মুক্তকং কুলকং কোশঃ সংঘাত ইতি তাদৃশঃ।

সর্গবন্ধাস্বরূপত্বাদনুক্তঃ পদ্যবিস্তরঃ।।^৪ [১/১৩]

[মুক্তক, কুলক, কোশ, সংঘাত ইত্যাদি সর্গবন্ধ মহাকাব্যের অঙ্গ-স্বরূপ প্রতিপন্ন হয়।]

* গবেষক-প্রাবন্ধিক।

কাব্যাদর্শের প্রাচীন টীকাকার বাদিজজ্বালদেব মুক্তক সম্পর্কে বলেছেন—“মুক্তকমেকং সুভাষিতমুচ্যতে”^৫। শুধু একটি সুভাষিতকে বলে মুক্তক। কাব্যাদর্শের আর এক প্রাচীন টীকাকার তরুণ বাচস্পতি মুক্তকের ব্যাখ্যায় বলেছেন—“মুক্তকমিতরানপেক্ষমেকং সুভাষিতম্”^৬। একটি মাত্র অন্যান্যনিরপেক্ষ সুভাষণকে মুক্তক বলা হয়। আরেক প্রাচীন টীকাকারের মত—“মুক্তকং বাক্যান্তরনিরপেক্ষো যঃ শ্লোকঃ”^৭। যে শ্লোকের অর্থপ্রতীতির জন্য কোন বাক্যের ওপর নির্ভরশীল হতে হয় না, তাকে মুক্তক বলা হয়।

কাব্যানুশাসন নামক অলংকার গ্রন্থের রচয়িতা জৈন আলংকারিক হেমচন্দ্র তাঁর অলঙ্কারচূড়ামণিতে বলেছেন- “একেন চন্দ্রস্যা বাক্যার্থসমাজৌ মুক্তকম্”^৮। একটি ছন্দে বিরচিত যে পদ্যের বাক্যার্থের পরিপূর্ণতা আছে তাকে মুক্তক বলা হয়। অগ্নিপুরণে মুক্তকের হৃদয়গ্রাহী সংজ্ঞা দেয়া হয়েছে—“মুক্তকং শ্লোক একৈকশ্চমৎকারক্ষমঃ সতাম্”^৯ [৩৩৭/৩৬]। অর্থাৎ সজ্জন কাব্য-পিপাসুদের হৃদয়ে চমৎকারিতা সৃষ্টি করতে মুক্তকের একটি শ্লোকই সক্ষম। আলংকারিক বিশ্বনাথ কবিরাজ তাঁর অলংকারশাস্ত্রের গ্রন্থ সাহিত্যদর্পণে মুক্তকের চমৎকার সংজ্ঞা দিয়েছেন—

ছন্দোবদ্ধপদং পদাং তেন মুক্তেন মুক্তকম্ ।^{১০} [৬/৩১৪]

[ছন্দোবদ্ধ অন্যান্যনিরপেক্ষ একটি মাত্র শ্লোকে রচিত পদ্যকে মুক্তক বলা হয়।]

ডঃ সুকুমার সেন তাঁর ভারতীয় সাহিত্যের ইতিহাস গ্রন্থে শতককাব্যকে প্রকীর্ত্তন কবিতা বলে অভিহিত করেছেন ।^{১১}

বহু কবির রচনায় সংস্কৃত শতককাব্য সমৃদ্ধ। ফলে শতককাব্যের সংখ্যাও বহু। সংস্কৃত শতক কাব্য বিভিন্ন বিষয় অবলম্বনে রচিত হয়েছে। উল্লেখযোগ্য বিষয়গুলি হল— প্রেম, শৃঙ্গার, নীতি, বৈরাগ্য, ভক্তি, শান্তি, স্তুতি, উপদেশ প্রভৃতি। বিদ্বৎজনদের প্রশংসিত শতককাব্যগুলি হল—অমরুণর অমরুণশতক, ভর্তৃহরির শৃঙ্গারশতক, নীতিশতক ও বৈরাগ্যশতক, বাণভট্টের চণ্ডীশতক, ময়ুরের সূর্যশতক, শিহুণের শান্তিশতক, রামচন্দ্রের ভক্তিশতক, আনন্দবর্ধনের দেবীশতক, চন্দ্রমাণিক্যের অপদেশশতক, ভল্লট্টের ভল্লটশতক ইত্যাদি।

কীর্তিশতক একটি শতককাব্য। বস্তুত শতককাব্যে একশত শ্লোক থাকার কথা। কিন্তু বিভিন্ন শতককাব্যের শ্লোক সংখ্যায় তারতম্য দৃষ্ট হয়। কীর্তিশতক শতককাব্যটিও এর ব্যতিক্রম নয়। এই কাব্যের পুঁথিতে চারটি সর্গে ১০০-এর অধিক অর্থাৎ ১০৩+৩ = ১০৬টি শ্লোক আছে। উল্লেখ্য যে, মহাকাব্যে সর্গ বিভাগ থাকে কিন্তু সাধারণত শতককাব্যে সর্গ বিভাগ থাকে না কিন্তু দ্বিজরাম শর্মা তাঁর কাব্যকে চারটি সর্গে বিভক্ত করেছেন। এক্ষেত্রে এই শতককাব্যটি ব্যতিক্রম।

কীর্তিশতক শতককাব্যটির উপজীব্য হল কোন ব্যক্তি বা রাজার স্তুতি। তবে তিনি কে, এ সম্বন্ধে কাব্য থেকে সঠিকভাবে কিছু জানা যায় না। সম্ভবত তিনি বর্ধমানরাজ কীর্তিচন্দ্র (কীর্তিচাঁদ)। কীর্তিচাঁদ আঠারো শতকের বাঙালি রাজাদের অন্যতম। বর্ধমানের মহত্তম রাজবংশে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর পিতা রাজা জগৎরাম ও মা রানী বিষ্ণুকুমারী। পিতা জগৎরামের মৃত্যুর (১৭০২ খ্রি:) পর বর্ধমানের রাজা হন কীর্তিচাঁদ। তিনি বর্ধমানের প্রতাপশালী রাজা ছিলেন। কীর্তিশতক গ্রন্থের

নামকরণ থেকে মনে করা যেতে পারে যে, উপরি-উক্ত বর্ধমান রাজ কীর্তিচাঁদের মাহাত্ম্য, বীরত্ব, প্রজাবাৎসল্য ইত্যাদিকে অমর করে রাখার মানসেই দ্বিজরাম শর্মা গ্রন্থটি রচনা করেছিলেন।

কীর্তিশতক কাব্যটি স্তুতিমূলক। কাব্যের মুখ্য প্রতিপাদ্য বিষয় হল রাজস্তুতি। কবি কীর্তিশতক কাব্যের শ্লোকাবলির মধ্য দিয়ে একজন রাজার প্রশংসা রচনা করেছেন। অর্থাৎ কাব্যের বিষয়বস্তু হল : একজন রাজার উদ্দেশ্যে নিবেদিত শ্রদ্ধাঞ্জলি। একজন রাজার চরিত্রে যত রকমের সংগুণ থাকা সম্ভব, যত রকমের ঐশ্বর্য ও মহত্ত্ব তাঁর নামের সঙ্গে যুক্ত করা যায় কবি কাব্যের বিভিন্ন ছন্দে অত্যন্ত নিপুণতার সাথে তা বর্ণনা করেছেন। তবে কবি যে রাজার সম্পর্কে এই শ্লোকগুলি রচনা করেছেন তাঁর নাম কাব্যের কোথাও উল্লেখ করেন নি। সেজন্য তাঁর ঐতিহাসিকতা সম্পর্কে নিশ্চিতরূপে কিছু বলা সম্ভব নয়।

কবি রাজার বীরত্ব প্রকাশ করতে গিয়ে বলেছেন: আপনি অভ্যন্তরীণ অস্ত্রসমূহ এবং স্বীয় জয়শীল ধনুক, সুতীক্ষ্ণ অসি প্রভৃতি দেহাবরক দ্বারা এবং মনোরথরূপ অশ্ব (অর্থাৎ মনোবল) দ্বারা যুদ্ধে জয়লাভ করেছেন।^{১২}

আবার কাব্যের কিছু শ্লোককে শিবের স্তুতিরূপেও গণ্য করা যায়। যেমন :

পশুপতি নাসিকা দ্বারা রক্ষা করুন, অগেশ্বর মুখ, ইন্দুশেখর ললাট, কপর্দী কেশ এবং কণ্ঠনীলদেশ কণ্ঠ রক্ষা করুন, ভব মহেশ্বর (রক্ষাকর্তা হোন)।^{১৩}

ছন্দ ও অলংকার

কীর্তিশতক কাব্যের অধিকাংশ শ্লোক রচিত হয়েছে ‘পঞ্চচামর’ ছন্দে। গঙ্গাদাস বিরচিত ছন্দোমঞ্জরী মতে পঞ্চচামর হল-যার প্রতিচরণ ‘প্রমাণিকা’ ছন্দের দু’পাদ অর্থাৎ জ, র, ল, গ, জ, র, ল, গ-গণে গঠিত হয় তাকে ‘পঞ্চচামর’ ছন্দ বলে। কবি নিয়ম কাব্যের অধিকাংশ শ্লোকে ব্যবহার করেছেন। ‘পঞ্চচামর’ ছন্দগুলি নৃত্য ও যন্ত্রসহযোগে গান করার পক্ষে উপযোগী এরূপ ধারণা সংস্কৃত বিদ্বৎগোষ্ঠীর মধ্যে প্রচলিত আছে। সেজন্য কীর্তিশতক কাব্যের শ্লোকসমূহ ‘পঞ্চচামর’ ছন্দে রচিত হওয়ায় এগুলি স্তুতিরূপে সার্থক এবং শ্রোতার মনোরঞ্জন করে। কবি ‘পঞ্চচামর’ ছাড়া অন্য ছন্দও ব্যবহার করেছেন; প্রতি সর্গের শেষ শ্লোক রচিত হয়েছে ‘শাদূলবিক্রীড়িতম্’ ছন্দে।

কাব্য শরীরকে সুন্দর করার জন্য কবি বিভিন্ন অলংকার ব্যবহার করেছেন। কীর্তিশতক কাব্যের বিশেষভাবে উল্লেখযোগ্য অলংকারগুলি হল : অনুপ্রাস, উপমা, রূপক, তুল্যযোগিতা, দীপক, দৃষ্টান্ত, পরিচয়, অতিশয়োক্তি, বিভাবনা, অপ্রকৃতপ্রশংসা, বিশেষোক্তি, ব্যঙ্গস্তুতি, সমাসোক্তি, সামান্য ইত্যাদি। তবে কবি রূপক অলংকারের প্রতি বেশি পক্ষপাতিত্ব প্রদর্শন করেছেন। বিবিধ শ্লোকে যে-সব অলংকারের উদাহরণ লক্ষ করা যায় তাতে সংস্কৃত অলংকারশাস্ত্রে কবির নৈপুণ্য সহজেই দৃষ্টিগোচর হয়। যেমন :

তুদীয়কং যদিরিতং গুণাদিবর্ণনং শুভং/ময়া হি খুল্লবুদ্ধিনা প্রগল্ভদৈন্যভীর্ণা।

তদেব চাক্সিসত্তরাঃ সুবিক্রবচ্চ মেনিরে/যতো গুণাশ্চুসম্ভূতাং নিধিঃ প্রমগ্যতে ভবান্ ॥৯১॥

এ শ্লোকে উপমেয় 'গুণ' এবং উপমান 'সাগর' এ দু'টির মধ্যে অভেদ কল্পনা হওয়ায় রূপক অলংকার হয়েছে।

পুঁথি-প্রসঙ্গ

পুঁথি হস্তাক্ষরে লিখিত ও অক্ষর মোটামুটি পরিষ্কার-পরিচ্ছন্ন, স্পষ্ট। একই রকম লিখন পদ্ধতি। তবে কিছু শ্লোক অস্পষ্ট, বিশেষ করে ৭৬, ৭৭, ৭৮, ৮১, ৮২, ৮৩, ৮৪ নং শ্লোকগুলি। পুঁথিটি তুলট কাগজে ও হাতে প্রস্তুত কালো কালি দিয়ে লেখা। সম্ভবত সরু নল খাগড়া, বাঁশের সরু কঞ্চি বা পাখির পালক হিসেবে ব্যবহৃত হয়েছে। পুঁথিটির মোট ১২টি পত্র রয়েছে। পত্রের উভয় দিকেই লেখা আছে। প্রতিটি পত্রের উভয় দিকে ৫টি করে মোট ১০টি পংক্তি আছে। ফলে পুঁথির ১১টি পত্রে ১১০টি পংক্তি এবং ১টি (১নং) পত্রের প্রথম পৃষ্ঠায় ৫টি ও ২য় পৃষ্ঠায় ২টি পংক্তি অর্থাৎ ৭টি পংক্তি আছে। সুতরাং পুঁথিতে মোট ১১০+৭=১১৭টি পংক্তি আছে। পুঁথিটির প্রতি পৃষ্ঠার মাঝখানে চতুর্ভুজ আকৃতির খালি জায়গা আছে। খালি জায়গায় কোন ছিদ্র বা বাঁধার চিহ্ন নেই। পুঁথিটির আকৃতি ৪০.৫×৭.৪ সেন্টিমিটার। পুঁথিটির ভাষা সংস্কৃত, কিন্তু লেখা হয়েছে বাংলা লিপিতে। এ কাব্যের একটিমাত্র পুঁথি ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের পাণ্ডুলিপি শাখায় সংরক্ষিত আছে। এর Call No-530 E। কাব্যটির রচনা ১৬৬০ শকাব্দের কার্তিক মাসের ১৫ তারিখ মঙ্গলবারে সম্পন্ন করা হয়।^{১৪}

সম্পাদনা-প্রসঙ্গ

এ পর্যন্ত কাব্যটির একটিমাত্র পুঁথি পাওয়া গেছে। এখানে পুঁথির পাঠোদ্ধার করে প্রত্যেকটি শ্লোকের বঙ্গানুবাদ দেওয়া হয়েছে। শ্লোকের যে-সমস্ত শব্দে অর্থবোধ হয় নি, সে সব স্থলে শ্লোকের অর্থের সাথে সামঞ্জস্য রেখে নতুন শব্দ বা শব্দাবলি গ্রহণ করা হয়েছে। আবার কখনও অর্থবোধের জন্য নতুন শব্দ গ্রহণ করা হয়েছে। [] উল্লিখিত লুপ্ত-অ-কার বা অক্ষর পুঁথিটিতে নেই। কিন্তু কাক্ষিত অর্থ অধিগত করার জন্য তা গ্রহণ করা হয়েছে। পুঁথির শ্লোকে পাদের অন্তের ৭ (অনুস্বার) স্থানে ম্-আকারে লেখা হয়েছে। পুঁথিতে 'র' ও 'ব' অনেক জায়গায় মিলে গিয়েছে। সেসব ক্ষেত্রে অর্থানুযায়ী পাঠোদ্ধার করা হয়েছে। তাছাড়া প্রচুর বানান ভুল রয়েছে। সম্ভবত লিপিকারের প্রমাদবশত এটা হয়েছে। যে-সব স্থলে বানান ভুল রয়েছে, সে-সব স্থান সংশোধন করে পাদটীকায় তা উল্লেখ করা হয়েছে। পুঁথিতে শ্লোকের যে-স্থানে টীকা রয়েছে, সে স্থান উল্লেখ করেও পাদটীকায় টীকা দেওয়া হয়েছে। মোট কথা, শ্লোকের যে-সব শব্দে বা শব্দাবলিতে অর্থবোধ হয় নি, সে সব স্থলে নতুন শব্দ বা শব্দাবলি গ্রহণ করা হয়েছে। বানান সংশোধনী ইত্যাদি বিষয়ক অর্থাৎ যে-সব স্থানে শুদ্ধ পাঠোদ্ধার সম্ভব হয় নি বা বিঘ্ন ঘটেছে তার প্রত্যেকটি স্থলই চিহ্নিত করে পাদটীকায় বক্তব্য প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য যে, পুঁথির কোন কোন স্থানে রেফ-এর পর ব্যঞ্জনের দ্বিত্ব ব্যবহার হয়েছে। কিন্তু পাঠোদ্ধারে রেফযুক্ত বর্ণের দ্বিত্ব পরিত্যাগ করা হয়েছে।

উপসংহার

পরিশেষে বলা যায়, দ্বিজরাম শর্মা নিঃসন্দেহে একজন শক্তিশালী কবি ছিলেন। তিনি কাব্যকে সুন্দর করার জন্য যেভাবে ছন্দ ও অলংকার ব্যবহার করেছেন তাতে তাঁর কবিত্ব শক্তির পরিচয় পাওয়া যায়। রাজার বর্ণনায় যেসব শব্দ চয়ন করেন তাতেও তাঁর সংস্কৃত শব্দ-ভাণ্ডার সম্পর্কে যে অগাধ জ্ঞান ছিল তা সহজেই অনুমেয়। কাব্যের মধ্যে গুণবান ব্যক্তির সূক্ষ্ম বৃত্তিসমূহ ও চরিত্রের ব্যক্ত ও অব্যক্ত বিভিন্ন অনুভূতি পাঠকের কাছে কবি সুনিপুণভাবে উপস্থাপন করেছেন। তাতে তাঁর কবিত্ব শক্তির স্ফুরণ দৃষ্টিগোচর হয়। আর আমাদের দৃঢ় প্রতীতি কবি দ্বিজরাম শর্মার কীর্তিশতক সংস্কৃত শতককাব্যের ইতিহাসে একটি বিশিষ্ট সংযোজন রূপে চিহ্নিত হবে।

কীর্তিশতক

ওঁনমোগণেশায় ॥—ওঁ গণেশকে প্রণাম ॥ ওঁ নমোদুর্গায়ৈ ॥ ওঁ দুর্গাকে প্রণাম ॥

প্রথমঃ সর্গঃ

প্রণম্য গোত্রজাম্বিতং মৃডং শিবৈকভাজনং/ত্বদীয়কীর্তিকায়তে ত্ত্বতিপ্রবাদপুস্তিকা ।

প্রচক্রঃ মেনুশিষ্টচিহ্নজানিশূরিপল্লবা-/অজেন রামশর্মণাসুভর্তিঃ^{১৫} প্রবাসিনা ॥ ১ ॥

[শিব যার একমাত্র চিন্তার বিষয় এমন যে পার্বতীযুক্ত শিব তাকে প্রণাম করে তারই প্রশংসার জন্য এই ত্ত্বতিপ্রবাদ রূপ পুস্তিকাটি সদবংশজাত পল্লব নামক পণ্ডিতের পুত্র সুভর্তিপূরবাসি-রামশর্মা কর্তৃক প্রস্তুত হল ।]

নিপীয় তাবকীং কথাং ঋতং^{১৬} সুধাভিলাষিণো/বুধান্তু শা^{১৭} স্বতীং শিবাং সূতপ্তিমাশ্রপেদিরে ।

প্রদৃষ্টশাস্ত্রসঞ্চয়াঃ কথন্ত্ত্বিতিপ্রবোধিতুং/ময়া যথোপলব্ধিকং বিতন্যতে ভবদ্যশঃ ॥ ২ ॥

[তোমার মঙ্গলময় চিরন্তন কথা সুধাবিলাসী পণ্ডিতবর্গ শুনে তৃপ্তি প্রাপ্ত হবে। আমি শাস্ত্রসমূহ আলোচনাপূর্বক যথামতি তোমার যশ প্রকাশ করছি ।]

ভবদ্যশোহনুবর্ণনং মহাকবী^{১৮} যতিকৃতং/সমূহসান্তুসংহিতং তদেব সাগরোপমম্ ।

হ্যহং সূক্ষ্মধীষণস্তথা বিবেশবৈ যথা/তৃণং ধূলী^{১৯} সমাশ্রিতং কৃচিৎকৃত্তা বরা নরাঃ ॥ ৩ ॥

[সাগরসম তোমার যশ মহাকবি যতি বর্ণনা করেছেন। সূক্ষ্মধীসম্পন্ন শ্রেষ্ঠ মানবগণ কখনও কখনও তোমার স্তব করেছেন। ধূলিসমাশ্রিত তৃণের মত আমি স্তব করতে প্রবুদ্ধ হয়েছি ।]

তথাপি দীর্ঘদৈন্যবহির্ভির্বিদ্য^{২০} মানধীষ-/গো যশো বুর্বুর্ভামিতো যথা পতঙ্গরাজমা—

শ্রিতং ভুজঙ্গভীর্ণং চ শ্মশ্রিত্রিলোকদাহকং/বিষং^{২১} যথেশমাশ্রিতাং সুরাং পরাভবং গতম্ ॥ ৪ ॥

[তথাপি দীর্ঘ দৈন্যের আগুনে বুদ্ধি ও যশ যখন দগ্ধ হয়, তখন সর্প যেমন গরুড়কে আশ্রয় করে, তেমনি ত্রিলোকদাহী বিষ মহাদেবের আশ্রয়ে এসে দেবগণের কাছে পরাভব স্বীকার করে ।]

প্রগল্ভদৈত্যসাধসাৎ মুমূর্ষুভিঃ সুপর্বভিঃ/ধরাধরেন্দ্রনন্দিনীসমাশ্রিতাতিশান্তয়ে ।

তথৈবদৈন্যভীতজিহ্বাশ-হেতবে হ্যহং/ভজে ভবন্তমৈশ্বরঃ^{২২} নিরন্তরদীনভীতিকম্ ॥ ৫ ॥

[উদ্ধত দৈত্যের শরাঘাতভীত মুমূর্ষু ব্যক্তি বিপদ হতে রক্ষা পাবার জন্য হিমালয় কন্যা দুর্গার আশ্রয় প্রার্থনা করে, আমিও দৈন্যজন্য আর্তি নাশের জন্য দীনের ভয়ত্রাতা ঈশ্বরকে ভজনা করি ।]

ধরাধরেন্দ্রজোহুধিং ভয়াক্ষি জম্ভভেদিনঃ/পরিক্ষিতাঅজাধরে সমাশ্রয়চ্ তক্ষকঃ ।

পুরন্দরং বিভীষণো দশান (নে) নাঙ্ঘিপাতনা-/দ্বারিং সুদৈন্যতাপিতস্তথা ভবন্তমাশ্রয়ে ॥ ৬ ॥

[জম্ভ-দৈত্য বিশেষ, জম্ভভেদী-ইন্দ্র । ধরাধরেন্দ্রজ-মৈনাকপর্বত । ইন্দের ভয়ে মৈনাক পর্বত সমুদ্রে আশ্রয় নিয়েছিল । পরীক্ষিত রাজাকে তক্ষক দংশন করায় তার পুত্র সর্পযজ্ঞ করেন, সেই যজ্ঞে ভীত তক্ষক ইন্দের শরণাপন্ন হয়েছিলেন, রাবণ বিভীষণকে পদাঘাত করলে তিনি রামের শরণাপন্ন হয়েছিলেন, দৈন্যতাপিত আমিও তোমাকে আশ্রয় করলাম ।]

প্রলুদ্ধকেন বজ্রিণা প্রযত্নতো জিঘাংসুনা/নিহন্যমানধর্মরাট্ কপোতদেহমশ্রিতঃ ।

শিবিং সমাশ্রিতো যদা তদীয়-ধর্মবুদ্ধয়ে/ততঃ ক্ষুরেণ বৈমহং প্রলয় মাংসসঞ্চয়ম্ ॥ ৭ ॥

[কপোত দেহধারি ধর্মরাজ প্রাণভয়ে শিবিরাজকে যখন আশ্রয় করেছিল, সেই সময় শিবিরাজের ধর্মবুদ্ধি পরীক্ষার জন্য ইন্দ্র লুদ্ধক (শ্যেনপক্ষী) বেশধারণপূর্বক কপোতকে হত্যার ইচ্ছায় তথায় উপস্থিত হয়ে কপোতটিকে দেবার জন্য অনুরোধ করলে শিবিরাজা অস্ত্র দ্বারা নিজের দেহমাংসখণ্ডিত করে শ্যেনপক্ষীকে দিয়েছিলেন ।]

প্রতৃপ্য লুদ্ধকাধিপং পপৌ পতত্রিণং ত্রুমরে/কৃত্রিমাঅধর্ম ব্যায়াতে স্তবীষ্টমানসস্তথা ।

ভবন্তমাম্বুধেভূবঃ প্রশান্তি কর্তৃকস্ত্বধীন-/দৈন্যাৎ সনিদ্ধৎসিতের্তয়াৎ সুপক্ষমাশ্রয়ে ॥ ৮ ॥

[যেমন ভ্রমর বিভিন্ন পুষ্পের মধু আহরণ করেও অন্য পুষ্পের মধু পাবার আকাঙ্ক্ষা করে, তেমনি রাজাও অনেক কিছু পেয়েও তৃপ্ত না হয়ে আরও পাবার ইচ্ছা করেন । নিজের কৃত্রিম আত্মধর্ম নিজের অভীষ্ট পূরণের জন্য নানারূপ কার্য করে থাকে । আসমুদ্র হিমাচলের রাজা, যখন আপনার মধ্যে দীনতা আসবে তখন আপনার যশ শুভ্রতার অভাবেও যেমন শ্রেয় পদ লাভ করবে, তেমনি ভ্রমর আত্মরক্ষার জন্য বিভিন্ন প্রকারের আশ্রয় গ্রহণ করে ।]

যথোদ্রাসে^{২৩} নিসাদ্বাসাদুপেন্দ্রমশ্রিতৈনৃভিঃ/সুশান্তিরাদধে ভৃশং ভূপৈতভীতিমূর্তিকা ।

তথা প্রভূতদৈন্যভির্বিনাশ^{২৪} কারিণং বরং/বরাভিঘাতিঘাতিনং ভবন্তমাশ্রয় নির্ভজে ॥ ৯ ॥

[যেদ্রুপ উগ্রসেনি-কংসের ভয়ে ভীত মনুষ্যগণ বিষ্ণুর-কৃষ্ণের আশ্রয় লাভ করে ভয়হীন হয়ে শান্তি লাভ করেছিল । সেরূপ অত্যাচার ভয় বিনাশকারী শ্রেষ্ঠ ব্যক্তি আপনাকে শীঘ্র ভজনা করি ।]

শিবপ্রদত্তবাক্তিতাৎ পুরাৎ সুরা বিনায়কাৎ/বরস্যতথ্যতেজ্জুকাৎ প্রগৃহিতঃ সদাশিবঃ ।

প্রসাধসং নিনক্ষুরচ্যুতং সমাশ্রয়দ্ যথা/নির্ব্যর্থ্যমানদৈন্যতস্তথা ভবন্তমাভজে ॥ ১০ ॥

[শিবের বরে রাক্ষসপতির নিকট হতে যেমন সদাশিব আত্মগোপন করে ভয়ে অচ্যুতকে আশ্রয় করে ছিলেন, তেমনি দৈন্যনিবারণকারী আপনাকে ভজনা করি।]

তুঙ্কর্মপ্রচুরপ্রবাহনিলয়ে গ্রহে সতাং হৃদ্যতে/নানাপক্ষনিদর্শণৈঃ^{২৫}রনুমতে তাবীন হৃদ্বর্ষকে।

শ্রীরামেণ^{২৬} বরাহজনাংনুষা সম্প্রীনিতে শ্রীরাণা/শ্লোকৈঃ কর্মসংখ্যকৈরবনিভূক্ত^{২৭} সর্গো [২] য়মাদিগতঃ

॥ ১১ ॥

[নানাপক্ষ (সপক্ষ-বিপক্ষ) সাধনহেতু সজ্জনগণের অনুমোদিত, হর্ষবর্ধক ধর্মপ্রবাহযুক্ত শ্রেষ্ঠজন্মা বিদ্বান্ শ্রীরাম প্রণীত একাদশ শ্লোকযুক্ত প্রথম সর্গ সমাপ্ত হল।]

দ্বিতীয়ঃ সর্গঃ

সুনীতিশান্তিভূষণপ্রলীনকভূপকাশ্যপীং/প্রশাসয়ন্ দ্বিষাং মনোবিদারয়ণ [১] সমুদ্র [১] স্ততান্।

প্রপালয়ন্ বিপশ্চিদৌঘমার্চয়ন্ বিরাজ-/মানদর্পসঞ্চয় [৪] প্রতন্যতে ময়া ত্বদায়ুষা ॥ ১২ ॥

[সুনীতিক্রমে শাসনরূপভূষণ সম্পন্ন, আসমুদ্রপর্যন্ত স্থিত শত্রুদের মনবিদারণ করে, শাসনপূর্বক পৃথিবী পালন করে, জ্ঞানী সমূহের অর্চনা করে বিরাজমান রাজার গর্বসমূহ, তাঁর অধীন হয়ে আমি বিস্তৃতভাবে প্রকাশ করছি।]

সুহৃদ্বলং বিবর্দ্ধয়ন্ সতাঞ্চ বেদমানিনাং/শ্রুতিবিধীয়মানকর্মণঃ সমাপ্তিকামিনা-

মশেষবিঘ্নভীতিত ভুদিত্ত^{২৮}মাপ্রপাদয়ন্/বিরাজমানদর্পবিস্তর [৪] প্রতন্যতে^{২৯}ধুনা ॥ ১৩ ॥

[বন্ধুবর্গের শক্তিবর্ধক-বেদজ্ঞদিগের দেববিহিত কর্মের সাফল্যে অশেষ বিঘ্নভয় হতে রক্ষকের এবং তাদের ইষ্টলাভের সহায়কের গর্ব বিস্তৃতভাবে বর্তমানে বর্ণনা করছি।]

বলৌঘমন্তপাণিনা পরান্তেবৈরিবর্ধক-/প্রসাং যুগীন-সঞ্চয়্যার্চিত-প্রবীর-ভূভুজাম্।

প্রগর্বদর্পমগ্রাণীং প্রচূর্ণয়ন্ বিরাজমান-/দর্পবিস্তরং প্রতন্যতে ময়া ত্বদায়ুষা ॥ ১৪ ॥

[বলসমষ্টির দ্বারা মন্ত বাহু কর্তৃক বৈরিবর্গকে যিনি পরাজিত করেছেন, এরূপ আপনার বৃদ্ধি ঘটে, এবং যুদ্ধে সক্ষিত (জয়ের) দ্বারা বীর রাজাদের অর্চনা হয়। দর্পিতদের নেতৃগণের বিনাশ ঘটিয়ে বিরাজমান যে আপনি, তাঁর দর্পসমষ্টি আপনার আয়ুধ দ্বারা বৃদ্ধি করি।]

সমীক-বীথিবাক্ষিতৈরভাজি দর্পজিতুর-/স্তবপ্রহাদ্দকারকো যতঃ সযুদ্ধকারিণাম্।

বিনাশ ত্ত্বনায়কস্তিমং বিরাজমানকং/তনোমি ভূতিবৃদ্ধয়ে স্ববুদ্ধাকৃত্রিমৈতিকম্ ॥ ১৫ ॥

[যুদ্ধমার্গে অভিপ্রেত জয়শীল ব্যক্তির অহংকার গ্রহণ রূপ স্তবে প্রসন্নকারক ও মঙ্গলনায়ক ব্যক্তি যুদ্ধরত প্রভাবশালী স্থায়ী বুদ্ধিতে অবিচল এই রাজাকে সমৃদ্ধি-বর্ধনের নিমিত্ত গৌরবান্বিত করে তোলে।]

যথা স এব বৈরিসংহতে বিনাশকারণাদ/ভবৎ প্রজায়মানকঃ কথন্ত্রুতি প্রবোধিতুম্।

ত্বদীয় দর্পবর্ণনপ্রহর্ষনিল্লসে মুষি-/র্যথোপলব্ধি তেনকে তমেবমাণ্ড পৌরুহং (পৌরুষম্) ॥১৬ ॥

[যেমন শত্রুদমনের ফলে বিনাশ হেতু ব্যক্তি কিরূপে সান্ত্বনা দিতে প্রবৃত্ত হয়, সেই তোমার অহংকার বর্ণনে প্রসন্নচিত্ত জন পৌরুষ প্রাপ্ত সেই রাজাকে স্বগৌরবে মহিমাম্বিত করে থাকে ।]

ভবৎ-প্রতাপমারুত-প্রদীপ্তিবীথিশোষিতাঃ/পয়োধরাঃ কথং পুনর্বনালিপূর্ণগহ্বরঃ ।

অহো ত্বদীয়বৈরিগাং বরান্ননাশ্রুপাতনাৎ/ঋটিত্যাগাধতাং গত়া বুধান্তদেব মেনিরে ॥ ১৭ ॥

[আপনার প্রতাপরূপ বায়ুর দ্বারা প্রজ্বলিত অগ্নিপথে শোষিত মেঘ কেমন করে বনরাজির গহ্বর আবার পূর্ণ করে দেয় । অহো! আপনার শত্রুগণের সুন্দরী পত্নীদের অশ্রুপাতে সেগুলি দ্রুত অগাধ হয়ে যায় বলে পণ্ডিতগণ মনে করেন ।]

তব প্রতাপদীপকোন্নতাং সূচিতভাহতঃ/সহস্রবজ্রযষ্টিকঃ ধরিত্রীনাগমল্লিকঃ ।

সুতৈলসপ্তসিদ্ধকঃ সুমেরুগোত্রবর্তিকঃ/পরালিদাহকীটকঃ খকচ্চ বাত্রকজ্জলঃ ॥ ১৮ ॥

[তোমার পরাক্রমে উদ্ভাসিত, উন্নত ও প্রকাশে নির্দেশিত ঐশ্বর্য সহস্র মুখমণ্ডলীতে প্রভাবিত রয়েছে । পৃথিবীর সর্প ও হংস সর্বত্র পরাক্রান্ত । সুন্দর তৈলভাণ্ডে সপ্ত সিদ্ধ বা নদী বিরাজিত সুমেরুপর্বত বিস্তৃত অন্য ভ্রমর দ্বারা নাশযোগ্য কীট বা পতঙ্গ এবং কর্কশ মেঘসদৃশ কৃষ্ণবর্ণ আকাশ বিস্তৃত আছে ।]

ততঃ প্রভূতদর্পতো বিদ্যমানভূভুজা-/মভূদ্ ভয়াসুসেচনৈ বিদীর্ণগাত্রমঞ্জসা ।২৯

অনেন রিটিভূতিনা হর্যতিহানি-সম্বিদা/বিল্লনশীর্ষ-শত্রুভিরমজ্জি নাশজে [২] শুবৌ ॥ ১৯ ॥

[তারপর প্রভূতদর্পের দ্বারা নৃপগণকে পীড়িত করলে, ভয়রূপ জলসেচনের দ্বারা সবলে (তাদের) গাত্র বিদীর্ণ হল । তরবারিরূপ ধনবিশিষ্ট এবং শত্রু-বধের প্রতিজ্ঞাকারী ইনি ছিন্নশীর্ষ শত্রুদের দ্বারা রুধিরসাগরে নিমজ্জিত হলেন ।]

ত্বদীয়-দর্পসাগরৈরবার্যারাতি-কাশ্যপী/স এব বজ্রতাং গতো বভঞ্জবৈরিভূধরম্ ।

চকার চর্মতাং দিশাং সপত্নজন্মবারণ-/মনেন^{৩০} দর্পসম্পদা বিরাজতে^২বনৌ ভবান্ ॥ ২০ ॥

[আপনার দর্পসাগরের দ্বারা শত্রু সৈন্য নিবারিত হল । তা-ই বজ্র হয়ে শত্রুরূপ পর্বতকে বিদীর্ণ করল । সে-ই যে দর্পরূপ ঐশ্বর্য দিক্‌সমূহকে চর্ম করেছে এবং শত্রু উৎপত্তির বাধাস্বরূপ, তার দ্বারা রক্ষাকর্তা আপনি শোভা পান ।]

অপশ্যদৈন্দবীং^{৩১} ক্রিয়াং স্বয়ং বিভাবরীশতাং/গতো হি দর্পপুঙ্গবো দিশাং সদৃক্^{৩২} প্রতাপকম্ ।

বিধায় তারকাবলিং স এব রশ্মিসঙ্গয়ং/মহঃ স্বজং সপত্নবৈষবীং বিভাবরীনতাং ॥ ২১ ॥

[চন্দ্রের ক্রিয়া দেখে স্বয়ং রাত্রির ঈশ্বরতা প্রাপ্ত হয়ে দর্পপুঙ্গব পীড়কদিকে গিয়েছেন । তারাগুলি রশ্মিসমূহ দিয়ে নির্মাণ করে নিজের তেজঃস্বরূপ রুধিরে শত্রুদের বিষুবরেখার রাত্রি এনেছেন ।]

ইদং প্রতাপকামুকং পরাসু^{৩৩}বীথিসিঞ্চিনৎ/স্বজাংগুপাঙ্য-জিম্মগং নিহন্য-মানবৈরিসম্ ।

যতান্ননাশ্রুপাতনাৎ প্রভূত-বারিবাহিনাং/গভীরশব্দটংকৃতং ব্যজীজপত্তু শাত্রবান্ ॥ ২২ ॥

[এই প্রতাপরূপ ধনু (হতে নিঃসৃত) রক্তধারায় সিক্ত যে বাণ শত্রুর প্রাণরূপ বীথিকে সিঞ্চিত করে, তা শত্রুসৈন্যকে বধ করে বৈরিবণিতাদের অশ্রুপাত হতে উৎপন্ন প্রচুর মেঘের গভীর শব্দ-টংকারের দ্বারা শত্রুদের স্তুতি করে ।]

অয়ং প্রতাপরিষ্ঠিকঃ কঠোরনাগমূ^{৩৪} ত্রিকো/দৃঢ়াতি তীক্ষ্ণধারকস্তরাতিচর্মমখলঃ^{৩৫} ।

প্রলুপ্তশ্রেমস্তকঃ সমীককাননানলঃ/সুসাং যুগীনশা^{৩৬} ত্রবানজীজপচ্ ভূমিপান্ ॥ ২৩ ॥

[এই প্রতাপরূপ তরবারি কঠোর নাগমূর্তি ধরে দৃঢ় অতিতীক্ষ্ণ ধারে অরাতির চর্মরূপ মেঘলা (সৃষ্টি করে), শত্রুর মস্তক ছেদন করে, শমীবনের অনল হয়ে রণকুশলী রাজাদের স্তুতি করে ।]

অসাবি শূন্বিসঙ্গরূপতামরাপ্য ধারয়ন্/দ্বিষাং সমূহ [ঃ] প্রভূতশোণিতং পিবন্ বহুহতেজসাম্ ।

পরাস্রমশ্রজাষ্মুধৌ চ বদ্ধিরণ্যপত্রিণাং/পতত্রমণ্ডিতাধ-সন্ত্বজীজপচ্ শাভ্রবান্ ॥ ২৪ ॥

[ঐ ব্যক্তি শীঘ্র নির্জন সৌন্দর্যকেও ধারণা করে শত্রুদের অজস্র তেজোরশির প্রচুর রক্তধারাকে প্রবাহিত করে থাকে । পরাস্রের অশ্রুজনিত জলধারায় স্বর্ণপাত্রে পতিত ও মণ্ডিত তেজোদীপ্ত শত্রুর মত পরাক্রান্ত হয়ে প্রতিভাত হয় ।]

শত্রুহ্রদাংশ্চ^{৩৭} ভেদয়ন্ কলম্বজালতামিতো/পরাজ্জাংশ্চ রোধয়ন্ ভব দৃ^{৩৮}জয়ানুকাঙ্ক্ষিণো [ণঃ] ।

দ্বিষঃ সমাগতাগুণান্ অসৃক প্রবাহি বর্তয়ন্/স এব পত্রিতাং গতন্ত্বজীজপচ্ শা^{৩৯}ত্রবান্ ॥ ২৫ ॥

[শত্রু হৃদয় ভেদ করে বাণজাল লতা হয়ে শত্রুরূপ পক্ষীকে রোধ করে আপনার জয় কামনা করে; শত্রুগণের প্রতি সমাগত বাণগুলিকে রক্তপ্রবাহী করে তা শ্যেনপক্ষী হয়ে শত্রুগণকে স্তুতি করে ।]

স্বকীয়-নৈষ্ঠুরাতিং প্রবোধয়ত্বরাতিং/পরং সমাগতানিমূ^{৪০} ভবন্তমাজির্হীষু কান ।

ছলেন ভঙ্গুরো[২]জসা সদা ভবন্তমারাধয়ন্^{৪১}/স এব দর্পকন্টক স্ত্বজীজপচ্ শা^{৪২}ত্রবান্

॥ ২৬ ॥

[নিজ নিষ্ঠুরতার আধিক্যে শত্রুগণকে প্রবোধ দিক শত্রু হতে আগত বাণগুলি, যারা আপনাকে হরণ করতে ইচ্ছুক, তাদের সবলে ছলে ভঙ্গ করে সর্বদা যা আপনাকে আরাধনা করে । সেই দর্পবর্ম শত্রুদের স্তুতি করে ।]

মনোজ্ঞমৈশ্বরীং ত্রিষাং প্রসাধয়ন্ সমিত্ত্বলীং/প্রকাশয়ন্ ভবদজয়ং নিঘোষয়ন্ দ্বিষাত্ত্ব-

কশালং মহদ্বির্বদ্বয়ন্ পুনঃ পুনরুধীয়তাং/সমাশ্রিতস্তবজীজপচ্শা^{৪৩}ত্রবান্ ॥ ২৭ ॥

[ঈশ্বরসম্বন্ধীয় চিত্তাকর্ষক হোমাদিকার্য সমাপনপূর্বক স্বীয় যশ বৃদ্ধি এবং শত্রুর পাপ প্রকাশপূর্বক পুনঃ পুনঃ যুদ্ধে নৃপসমূহকে পরাজিত করেছেন ।]

বিপক্ষযোষিদুত্তমাস্রজাপ্রদীর্ঘকেশিকৈ-/বিকূর্বণাশ্রবালধিং তথৈব চাশ্বনো[২]জজান্ ।

কচান্নরাতীভূষণৈঃ সুচর্মভিঃ খলীনকং ভব-/প্রতাপসৈন্ধবস্ত্বজীজপচ্শা^{৪৪}ত্রবান্ ॥ ২৮ ॥

[শক্ররমণীগণকে কেশসমূহ দ্বারা স্বীয় মস্তক ও সন্তানদের মস্তক শোভিত করে এবং শক্রর অঙ্গভূষণ উৎকৃষ্ট চর্ম দ্বারা অশ্বের বলগা প্রস্তুত করায় আপনার সমুদ্রসম প্রতাপ শত্রুদের জয় করেছে।]

অমীভিরান্তগৈরাপি স্বচাপজিষ্ণুনাশ্বনা-/প্যনেন নিষ্ঠুরাসিনা প্রবৃদ্ধরাজবর্মণা ।

ভবৎ-প্রপাচিচর্মণা মনোরথেন বাজিনা-/প্যজীজপন্নতং কলিং ভূদীয়জয়কং ভবান্ ॥ ২৯ ॥

[আপনি আভ্যন্তরীণ অন্ত্রসমূহ এবং স্বীয় জয়শীলধনুক, সুতীক্ষ্ণ অসি প্রভৃতি দেহাবরক দ্বারা এবং মনোরথরূপ অশ্ব (অর্থাৎ মনোবল) দ্বারা অবনত যুদ্ধে জয়লাভ করেছেন।]

যতঃ স্বধর্মসাগরৈরপূরয়দ্^{৪৪} বিনোদিনীস্থলীং/কুতোপি নাস্য বৈফল্লৈরিবত্ব [স] মীক্ষ্যতে^২বনিঃ ।

অতঃ কৃতাদিকারকে কলাবনাগতে বিধি-/ভবন্নিঃ সঙ্গচিন্তনে^২ ভবদ্বিহীনধীষণঃ ॥ ৩০ ॥

[যেহেতু প্রচুর স্বধর্ম আচরণ দ্বারা বিনোদনস্থলপূর্ণ করেছিলেন, কুত্রাপি তাঁর বিফলতা পরিলক্ষিত হয় নাই। সুতরাং অধিকারহারক যুদ্ধ অনুপস্থিত হওয়ায় নিঃসঙ্গ দুশ্চিন্তা হতে বিরত ছিলেন।]

বিধাতৃণালসার্থিনামবশ্যভব্যকর্মণাং/প্রপূর্ত্যানিষ্টকর্মণি স্বধর্মদগ্ধকিঙ্কিষৈঃ ।

স্বকীয়^{৪৫} -ধর্মজিষ্ণুভিঃ কদাচিদপ্যলং নরৈঃ/প্রস^{৪৬}ক্তিরাশ্বসম্বিনো বিধাতুমেব শক্যতে ॥ ৩১ ॥

[লালসার্থিব অবশ্যভবিতব্য অনিষ্টকর্মপূরণের বিধাতা স্বধর্মাচরণ দ্বারা নিষ্পাপ, ধর্মজয়ী ব্যক্তির আত্মজ্ঞান প্রবৃত্তি কদাচিৎ সম্ভব হয়।]

যুগাতিপামরং যুগং তমেব লঙ্ঘ-পৃথিকং/নিজাধিকারিতাং দৃঢ়াং চিকীর্ষুরা^{৪৭}অসম্বিদঃ ।

ধর্মত^{৪৮} স্ত্রীবিচেষ্ট^{৪৯} ষ্টনশিনং ছলেন পাপকর্মণো/নিবর্তয়ন্নদীদিপ তুমেব সাধুধর্মকঃ ॥ ৩২ ॥

[চারটি যুগের মধ্যে অতি নীচ (কলি) যুগে পৃথিবী (রাজা) লাভ করে স্বাধিকার দৃঢ় করার ইচ্ছায় ধর্মতঃ আত্মজ্ঞানসম্পন্ন (আপনি) বেদবিদদিগের ইষ্ট (যজ্ঞাদিকর্ম) নাশেচ্ছদিগকে ছলপূর্বক পাপকর্ম হতে নিবৃত্ত করে সৎকর্মশীল আপনিই প্রদীপ্ত রয়েছেন।]

বিধের্মনো^২নুগামিনং তদীলিতানুকারিণং/কলিং স্বধর্মবিস্তৃণা^{৫০}য়তি.^{৫১}চ্ছলং ন্যবর্তথাঃ ।

ন দৈবতর্ষহানয়ে নৃণাং সুপর্বধর্মণাং/নয়াতিধীষণাধ^{৫২}রৈঃ স্বধর্ম নষ্টদুর্হদাম্ ॥ ৩৩ ॥

[স্বধর্ম প্রচারের জন্য বিধির অনুগামী এবং আপনার অভিপ্রায় সাধক যুদ্ধকে ছল দ্বারা নিবৃত্ত করেছেন কিন্তু দেবতার অভিশাপ হানি নয়। ধার্মিক নরগণের যজ্ঞে বাধক দুষ্টদেরও নিবৃত্ত করেছেন।]

তমেবপামরক্রিয়াং বিবর্দ্ধয়ন্তমংহসং/পৃথগজনান্বিবর্দ্ধয়ন্তমাত্মভূতিকামিনম্ ।

সতত্ত্বপুণ্যাশালিনোজুওল্লষন্তমোজসা-/নিবর্তয়ন্নদীদিপস্তমেববেদ্যকর্মঠঃ ॥ ৩৪ ॥

[যারা নীচক্রিয়াসক্ত হয়ে আত্মসম্পদকামী অপর ব্যক্তিকেও নীচ পথে পরিচালিত করত, এবং পুণ্যকর্মনিষ্ঠব্যক্তিগণকে নিন্দা করত বেদবিহিত কর্মনিষ্ঠ আপনিই স্বীয় শক্তিতে তাদের নিরস্ত করেছেন।]

যথাহ্যনেন ভানুনা শুভ্রাং^{৫৩} শুজালধারিণা—/জগদ্বিদাহি কামপি প্রশস্তিমাশ্রয়ন্নহো ।

অকাণ্ডনাশনিষ্ফলজ্বিতীয ধাতুরীল্লিতং/প্রবুধ্য বৈজগদ্দিনাশনং নিজার্হকে^{৫৪}ধুনা ॥ ৩৫ ॥

[শুভকিরণসম্পন্ন সূর্যদেব জগৎ বিনাশের শক্তিসম্পন্ন হয়েও জগতের বিনাশ বিষয়ে বিধাতার অভিপ্রায় উপলব্ধি করে স্বীয় যোগ্যতাকেই আকস্মিক বিনাশ নিবৃত্ত করেছেন ।]

যথা^{৫৫} সমীরণেন বৈ জগৎ সমূহশোষিণীং/স্বযোগ্যতাঞ্চ ধারয়ন্ ঋতেন বেদসমৃদ্ধম্ ।

ন বৈজগৎশ্রিয়ং পদং ত্বাপ্য কেতনৈর্ধনং/অপাশ্বদেনমোজসা কলিং তথৈব নো ভবান ॥ ৩৬ ॥

[সমীরণ যেমন জগৎসমূহকে শোষণ করার মত স্বশক্তি সম্পন্ন হয়েও বিধাতার ইচ্ছা ব্যতিরেকে জগতে শ্রেষ্ঠপদ লাভ করতে সমর্থ হন নি, সেরূপ আপনিও স্বশক্তিতে এই সমরকে পরাভূত করেও শ্রেষ্ঠপদ লাভ করতে পারেন নি ।]

যথাধসীযবারণাঃ সহাঙ্কি-ভূমিধারিণো/পিবৈধসীং তৃষং বিনা কদাপি ন ত্যজন্তিবৈ ।

প্রভূত ভারবাহিনীং মহীদৃঢ়—/শ্রুতিঃ স্বতঃ স্থিতাপি নাক্ষিপন্তথা ॥ ৩৭ ॥

[যেমন অধঃস্থিত হস্তিসমূহ জলপূর্ণ স্থানকে শুণ্ডের দ্বারা ধারণপূর্বক বারিপান করে, কখনও সেই স্থানকে পরিত্যাগ করে না, সেইরূপ প্রচুরভার বহনকারী মহীদৃঢ়ের মত গভীরার্থপ্রকাশকারী বেদবাণী নিজেই স্থির থেকে দর্শনের বিষয় হয় না ।]

অতঃ স্বধর্মবর্তিসু এয়ীবৃতং^{৫৬} চিকীর্ষু/স্বপুণ্য-ধৃতকর্মসু ত্বদীয়কীর্তি-শাসনম্ ।

স্থিরেণ তৎ/স্থকৌমুদাং প্রণীত-পাপসঞ্চয়ং/জিতাক্ষ সন্ধিদাং নৃণাং নিরন্তর] হর্ষবিবর্ধনম্ ॥ ৩৮ ॥

[যাঁরা নিজ ধর্মে স্থির, ত্রয়ী-স্বীকৃত কর্ম করতে ইচ্ছুক এবং নিজ পুণ্যের দ্বারা কর্মধারণ করেন, তাঁদের মধ্যে আপনার কীর্তিশাসন তৎস্থিত কিরণের দ্বারা পাপসমষ্টি দূর করে ইন্দ্রিয় ও চৈতন্য জয়ীদের হর্ষ বিবর্ধন করে ।]

কলীয়মাম্পদং হিত সুধর্মতদ্ববর্ত্য/স্বধর্মসংশেনেক্সিযু প্রণিক্কেষু বৈ ত্রয়ী ।

প্রণীতধর্মকর্মণোমুদা প্রতস্থকারিদং/সুধর্মগর্হণং ভৃশম্ ॥ ৩৯ ॥

[কলিযুগীয় প্রতিষ্ঠা ইষ্টসাধন শোভন ধর্মপবিত্র পথে ঘটে থাকে । নিজের ধর্মবিষয়ে তিন অবস্থায় ত্রিত্ব বা বেদমার্গই অনুসরণীয় । বিহিত ধর্ম ও কর্মের আনন্দে প্রতিষ্ঠা লাভ কাম্য । সুন্দর ধর্মের নিন্দা অত্যন্ত খেদের কারণ ।]

মহীযসো^২স্য বেধসঃ সদা পরম্পরং সমা-/গমং সুযুক্তমীলিতং দধাতি সুষ্ঠু শেমুখী^{৫৭} ।

হি শাস^{৫৮}নাক্ষযোজিতং শ্রিয়া চক্রপাণিনঃ/শিবস্য শৈলকন্যায়া, ভুবং^{৫৯} চ ভূভুজাং যথা ॥ ৪০ ॥

[মহান বিধাতার পরম্পর সমাগম যেমন বিধাতাকে ঈলিত দান করে । লক্ষ্মীযুক্ত বিষ্ণু, পার্বতী সমন্বিত মহাদেব যেরূপ অভিপ্রেত সেরূপ শাসনাক্ষযোজিত পৃথিবী ও রাজার অভিপ্রেত ।]

তথা কথং হি রিপুস্ক কলীয় শশিতারণো/ভব হি সঙ্গচিন্তনাং দধৌ হি কারুণ্যপ্যসৌ ।

অসূরিণস্তুমে নিবেশ^{৬০}তাং গৃথগ্জনৈঃ সমং/কদাপি নেক্ষতে শুভং তদেব দর্শয়ত্যসৌ ॥ ৪১ ॥

[সেই প্রকারে কিরূপ কলিযুগের চন্দ্রের রক্ষক শত্রুর ধমনী সম্ভব হয় ? ঐ কার্যনিষ্পাদক আসত্তির চিন্তাকে ধারণ করে রিপুসদৃশ হল। লোকেদের সঙ্গে পৃথগ্ভাবে আমার উদ্যমহীন ব্যক্তিবর্গ বাস করে। কখনও শুভ বিষয় দর্শন করে না। ঐ ব্যক্তি তাই দর্শন করায়।]

কুশেশ^{৬১}য়াসনং নরাস্তলীকভাষিনঃ সদা/নিগর্হয়ন্তি সধিদা ময়া তুদীয়ধীষণা।

গতেতুবিরোধিনো মৃষানাথা ভবদ্ধনু-/ব্রিণাশ্বনৈকদাধিকারিতা স্বকা প্রতন্যতে ॥ ৪২ ॥

[মিথ্যাভাষী মানব সূর্যকে নিন্দা করে। বিরোধী পক্ষ অন্যভাবে আপনার বিষয়ে সর্বদা মিথ্যা প্রচার করে। সচেতন আমি আপনার বুদ্ধির প্রশংসা করি। কারণ, একদা আপনি আপনার ধনুব্যতিরেকে স্বীয় অধিকার বিস্তার করেছিলেন।]

অতস্তদীয়জন্মনা বিধাতৃ কামপূরিণা/ত্বিদং হি সাধিতং শ^{৬২}নৈঃ শ^{৬৩}নৈরণেন ভীরণা।

ত্বদাশুভূমিনাজগৎ প্রশাস্যতে তবানুগৎ/অহোকথং ভবদ্যনুঃ শ্রীণজমিষ্যতে^{৬৪} বুদ্ধৈঃ ॥ ৪৩ ॥

[অতএব তোমার জন্মের ফলে বিধাতার কামনার পূরণ ঘটল। এই ভীরা ব্যক্তি ধীরে ধীরে ইহাই সাধন করল। তোমা কর্তৃক প্রাপ্ত স্থান জগৎকে প্রশস্ত করে। এটা তোমার করতলগত হয়। ওহে ! কিরূপে বিচক্ষণেরা তোমার অনুগত প্রিয়পদার্থজাত বিষয়কে কামনা করে ?]

অবাগুরাজ্যকে কলাবপি প্রণষ্টপাতকৈ—/রধীনপুণ্যসঞ্চয়ৈর্জিতাক্ষমুগ্ধধীষণৈঃ।

অবশ্য-কর্মশু প্রবৃত্তাতে^{৬৫}ধূনাপি ন দ্বিজৈ—/স্তদীয়-চারুজ্ঞাননা কলীয়নীতি-হানিনা ॥ ৪৪ ॥

[আপনি] রাজ্য প্রাপ্ত হলে কলিযুগেও যে দ্বিজগণের পাপ বিনষ্ট হয়েছিল, পুণ্যরাশি যাদের অধীন হয়েছিল, ইন্দ্রিয় জিত হয়েছিল, বুদ্ধি প্রখর হয়েছিল, এখনও তাঁরা অবশ্য কর্মে প্রবৃত্ত হয়েছেন, আপনার সেই সুন্দর জন্মের দ্বারা, যা কলিযুগের নীতিগুলি নষ্ট করে।]

অমুষ্য নীতিমানিভিগ্নৈর নিষ্টমোহিভি—/ভবৎসুজানুধীং মহীয়সীং চ নীতিমীলিতাম্।

সতাং মনোভিলাষিনীং সমীক্ষ্য তৈঃ পৃথগ্জনৈ—/রপি প্রমন্যতে^{৬৬}ধূনা শ্রুতিপ্রণীতকর্ম বৈ ॥ ৪৫ ॥

[ঐ জনের নীতিপরায়ণ ও অনিষ্ট কর্মে মোহিত ব্যক্তিবর্গ আপনার অনুষ্ঠিত শ্রেষ্ঠ ও অভিশ্রেষ্ঠ নীতিকে উদ্দেশ্য করে সজ্জনদের মনোরূপ নীতি বিচারপূর্বক সেই লোকেদের দ্বারা পৃথগ্ভাবে অনুষ্ঠিত বেদবিহিত কর্মকে এখন সম্মানিত করছে।]

যথাধূনাপি বিষ্ণুতাড়িতঃ সুরারি-পুঙ্গবঃ/প্রজিষ্ণুর্মাগধাসুরঃ ক্ষিতাবনপ্রতিষ্ঠতে।^{৬৭}

প্রলুদ্ধকেন শূলিনা শুগাং সপত্রিতো^{৬৮}পি বৈ/বুদ্ধিরিবাংশুর্যস্য^{৬৯} তামিতো নবাকমূহতে ॥ ৪৬ ॥

[যেমন এখনো পর্যন্ত বিষ্ণু তাড়িত অসুর পুঙ্গব মাগধাসুর জয় অভিলাষ করে (শ্রীমান হয়ে) পৃথিবীতে স্থিরভাবে অবস্থান করে, শিকারী শূলীর দ্রুতগামী ও পত্রবিশিষ্ট বাণের কারণে শত্রুর বুদ্ধিরূপ জ্যোতি প্রশমিত হয় বলে মনে হয়।]

তুয়াসীনমহৎগুণানুনিকরে দ্বিটকেশৈশবালকে/খ্যাতশক্রমুখাশুজাবলিময়ে জিহ্মারিসম্যকৃতটে।

শ্রীরামেণ বরাগ্রজ্ঞানুজা সস্প্রীণিতে গ্রহুকে/ঘট্চত্বারসুপদাকৈর্জলচরঃ সর্গো দ্বিতীয়ো গতঃ ॥ ৪৭ ॥

[আপনি মহৎ গুণরাশিতে আসীন, যেখানে (শত্রুর) কেশ শৈবাল, বিখ্যাত শত্রুগণের মুখ পদ্মরাজি, হত শত্রুবর্গ তট-আমি (পূর্বাভূত) ছেচল্লিশটি শ্লোকের দ্বারা হিন্ন-বিচ্ছিন্ন করে দিয়েছি। শ্রেষ্ঠজন্মা শ্রী (দ্বিজ) রাম দ্বারা এই লোকপ্ৰীতিকর গ্রন্থের দ্বিতীয় সর্গ সমাপ্ত হল।]

তৃতীয়ঃ সর্গঃ

তুদীয়কীর্তিমাহসীং ততিং সমীক্ষ্য বিশ্বসৃক/বিধোর্বি কুণ্ডলীং দৃঢ়াং হীয়ান চকার বৈ।

ততঃ সুধাংগুজান্নিষ্ফলেন শৃংখলিতো বিধি—/বিতাবরী প্রকাশকং তুটীকরং সতং ছলঃ ॥ ৪৮ ॥

[আপনার কীর্তিরূপ জ্যোতিঃ সমূহ, যা চন্দ্রের কুণ্ডলীরূপে শোভা পায়, তা দেখে বিশ্বস্রষ্টা চন্দ্রের জন্মই নিষ্ফল আশঙ্কা করে রাত্রিকে প্রকাশ করতে চন্দ্রের চর্ম ছল করলেন।]

যশঃ সূচারণাংগুন্যান্যথা^{৬৮} বিদিগ্ বধুমখং/তদেব বহিরূপসমরঃ বৈরিকাননম্।

ব্যদাহি তত্ত্ব তন্যতে দ্বিজেনরামশর্মণা/ত্বদাশ্রয়নে শূরিণা বিপশ্চিদীশসূনুনা ॥ ৪৯ ॥

[যা দীপ্তিতে দিগ্‌বধুদের যজ্ঞরূপ, সেই যশ বহিরূপ সমরে বৈরিরূপ বনকে দগ্ধ করেছিল, তাই আপনার আশ্রিত পণ্ডিত শ্রেষ্ঠের পুত্র পণ্ডিত দ্বিজরাম শর্মার দ্বারা কীর্তিত হচ্ছে।]

মহীয়াং বসভুজামনেন বৈ মহদ্ যশঃ/প্রলুদ্ধকারিবর্ষনাং ত্বকার্যবদধর্মকম্।

তথৈব বারিশালিনাং সুদীপ্তিমন্ধিগামিনীং/প্রজ্ঞায়াস্তমিবাবরোধি তাবকং যশঃ ॥ ৫০ ॥

[মহান অগ্নিসমূহের দ্বারা মহদ্ যশ হয়; প্রলোভনকারীদের নিবৃত্ত করে অকার্য ও অধর্ম (রোধ করে)। তেমনি আপনার যশ সাগরগামী নদীর দীপ্তি, প্রজ্ঞার দ্বারা অন্ধত্বকে রোধ করে।]

অকারি যেন ভূধরাগ্রণী সুকান্তিরন্যথা/তথৈব সৌ^{৬৯}রমরীচি জগৎপ্রকাশকারিণী।

তদেবমন্তু তরলী^{৭০}ভবদ্যশো^{৭১}নুবর্ণনা—/স্বধিপ্রশায়িনা ময়া বিতন্যতেষ্ট ভূতয়ে ॥ ৫১ ॥

[যার দ্বারা হিমালয়ের সুকান্তি ম্লান হয়েছিল এবং জগৎ প্রকাশকারী সূর্যের দীপ্তি (ম্লান হয়েছিল), আপনার সেই তরল যশোবর্ণনা, যা সাগরে শায়িত ছিল, তাই আমার দ্বারা মঙ্গলের জন্য প্রসারিত হচ্ছে।]

সুদুর্গতগ্রগণ্যকালমুদন্যসিঙ্কুমগ্লকান/প্রবীনতর্যতীতয়া স্তুতা বিকীর্তিসম্পদা।

হ্যসৌ পুনর্বসুন্ধরাধিরাজভিবৃত্তাং সভাং/ধিয়ং^{৭২} বিবৃত্তৃষ্ণি^{৭২} কক্রিয়াততিং তনোতি বৈ ॥ ৫২ ॥

[দুর্গতদের অগ্রগণ্য যারা পিপাসার সাগরে ডুবে আছে, তাদের কীর্তিহীনতারূপ সম্পদের দ্বারা অত্যধিক স্তুতি করা হয়। এই বসুন্ধরা রাজাধিরাজগণের দ্বারা বৃত্ত সভাকে ধারণ করে তৃষ্ণাহীন ক্রিয়াসমষ্টিযুক্ত (আপনার) বুদ্ধিকে স্তুতি করে।]

অদভ্রদো দ্বিধাক্ষিনা প্রণীয় মানবান্ জনান্/প্রবীয়ধর্মমাথকং হ্যতীতরং ভবদ্ যশঃ।

পুণর্দৃঢ়া তু সেতুতাত্ গতং তমাকরীরবৎ/বনীয়কালিসত্তরং মহাহৃদং সরিধ্বরম্ ॥ ৫৩ ॥

।দু'প্রকারের সাগরের দ্বারা প্রচুর বর্ষা দিয়ে জনগণকে আপনার যশ ভেলায় রূপ ধারণ করে পার করেছিল। আবার দৃঢ় সেতুরূপ ধারণ করে শ্রেষ্ঠ নদীকে যাচকগোষ্ঠীর সাঁতারের যোগ্য মহাহুদ করেছে।]

অহো ত্বদীয়যশসীং ততিং সমীক্ষ্য ভূভুজঃ/স্বকং হি খুল্লকং যশস্তপাহরন্ত সত্বরম্।

